

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাজেট অনুবিভাগ
www.mefwd.gov.bd

বিষয়: চট্টগ্রাম জেলার আনোয়ারা উপজেলা পরিবার পরিকল্পনা অফিস পরিদর্শন প্রতিবেদন।

গত ০৩.০১.২০২৪ তারিখ অপরাহ্ন ৪.০০ ঘটিকায় আকস্মিকভাবে চট্টগ্রাম জেলার আনোয়ারা উপজেলা পরিবার পরিকল্পনা অফিস পরিদর্শন পরিদর্শন করি। পরিদর্শনকালে জনাব মোঃ আবদুল্লাহ হারুন, উপসচিব (বাজেট), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, জনাব গোলাম মোঃ আজম, বিভাগীয় পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম বিভাগ এবং জনাব মোঃ আবুল কালাম, উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা, চট্টগ্রাম উপস্থিত ছিলেন। উল্লেখ্য অফিস সময়ের পরে এবং আকস্মিকভাবে পরিদর্শন করায় অফিসের সকল কর্মকর্তা-কর্মচারীকে উপস্থিত পাওয়া যায়নি।

২। ভবন

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পাশেই এই ভবন অবস্থিত। চার তলা ভিত্তি বিশিষ্ট দোতলা ভবনের নিচ তলায় স্টোর রুম এবং দ্বিতীয় তলায় অফিস অবস্থিত। ২০১০ সালে এই ভবন নির্মিত এবং বর্তমান অবস্থা বেশ ভাল থাকায় ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থ বছরে রক্ষণাবেক্ষণের জন্য কোনো অর্থ বরাদ্দ করা হয়নি। আঙিনা পরিচ্ছন্ন।




৩। জনবল

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার চলতি দায়িত্বে রয়েছেন জনাব বি ইউ এম আমানতগীর, সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা। গত ২০.০৪.২০২৩ তারিখ থেকে তিনি এই দায়িত্ব পালন করছেন। তা ছাড়া, এই অফিস ও এর আওতায় অনুমোদিত ১০৬টি পদের মধ্যে ৪৫টি পদ শূন্য রয়েছে। পরিবার পরিকল্পনা সেবার কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শূন্য পদগুলো পূরণ করা প্রয়োজন।

৪। পণ্যাগার

অফিস ভবনের নিচ তলায় স্টোর রুম বা পণ্যাগার অবস্থিত। পরিবার পরিকল্পনা ও অন্যান্য সামগ্রী সঠিক লে-আউটপ্লান অনুযায়ী সজ্জিত রয়েছে। অন-লাইন সফটওয়্যারে রক্ষিত তালিকার সঙ্গে বাস্তব স্টক যাচাই করে সঠিক পাওয়া যায়। তবে, কনডমের মজুদ সীমিত, যেকোন সময়ে শেষ হয়ে যাবে। চাহিদা থাকলেও সরবরাহ পাওয়া যায়নি। এখানে ছয়টি অটোক্লিভ মেশিন অব্যবহৃত অবস্থায় পড়ে আছে।





৫। কার্যক্রম

নভেম্বর, ২০২৩ মাসের কার্যক্রম পর্যালোচনা করা হয়। রেকর্ড অনুযায়ী আনোয়ারা উপজেলায় সক্ষম দম্পতির সংখ্যা ৪৯,২৬৫ জন। এদের মধ্যে খাওয়ার বড়ি গ্রহণকারী ২১,৭০৫ জন; কনডম ব্যবহারকারী ৩১৬৫ জন; ইনজেকটেবল গ্রহণকারী ৪৯১৫ জন; আইইউডি পদ্ধতি গ্রহণকারী ১৭০৭ জন; ইমপ্ল্যান্ট পদ্ধতি গ্রহণকারী ২৪৯৯ জন; স্থায়ী পদ্ধতি গ্রহণকারী পুরুষ ৫১৬ জন এবং স্থায়ী পদ্ধতি গ্রহণকারী নারী ২৭৫৭ জন। সামগ্রিকভাবে পদ্ধতি গ্রহণকারীর হার ৭৫.৬৪%।

(Signature)

৬। সামগ্রিক মতামত

- কেন্দ্রটির পরিচ্ছন্নতা ও ব্যবস্থাপনা প্রশংসনীয়;
- নিয়মিত অফিসার পদায়ন এবং অন্যান্য শূন্যপদ পূরণ করা প্রয়োজন;
- কনডমের সরবরাহ স্বাভাবিক কর উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন;
- অব্যবহৃত অটোক্লিড মেশিনগুলো প্রত্যাহারপূর্বক যেখানে ব্যবহার রয়েছে সেসব কেন্দ্রে/স্থানে সরবরাহ করা প্রয়োজন; এবং
- এই অফিসের সামগ্রিক কার্যক্রম সন্তোষজনক; তবে, পরিবার পরিকল্পনার পদ্ধতি গ্রহণকারীর হার বৃদ্ধির জন্য সুনির্দিষ্ট লক্ষ্য ভিত্তিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন।

৪৮-

(মঈনউল ইসলাম)
যুগ্মসচিব

স্মারক নম্বর ৫৯.০০.০০০০.১৪৪.২৫.০০১.২০২৩- ২৪

তারিখ: ১৮.০১.২০২৪ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

- ১। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্বাশিপক বিভাগ, স্বাপক মন্ত্রণালয়।
- ৪। অতিরিক্ত সচিব, জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন অনুবিভাগ, স্বাশিপক বিভাগ, স্বাপক মন্ত্রণালয়।
- ৫। বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা), চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৬। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২, স্বাশিপক বিভাগ, স্বাপক মন্ত্রণালয়।
- ৭। উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা), চট্টগ্রাম জেলা, চট্টগ্রাম।
- ৮। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাশিপক বিভাগ-এই বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৯। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, আনোয়ারা উপজেলা, চট্টগ্রাম।

৪৮- ১৮/০১/২০২৪

(মঈনউল ইসলাম)
যুগ্মসচিব